

## ১৬তম শিক্ষক নিবন্ধনের লিখিত পরীক্ষা ফল ঈদের পর

১৬তম শিক্ষক নিবন্ধনের লিখিত পরীক্ষা ফল প্রস্তুতের কাজ অনেকটাই গুছিয়ে এনেছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। মার্চ মাসে ফল প্রকাশ করার কথা থাকলেও করোনা ভাইরাস সংক্রমণ রোধে লকডাউনে সব অফিস-আদালত বন্ধ থাকায় ফল প্রকাশ করা সম্ভব হয়নি। তবে ঈদের পর ফল প্রকাশ করার পরিকল্পনা করেছে এনটিআরসিএ। এনটিআরসিএর ভারপ্রাপ্ত চেয়ারম্যান আব্দুল আওয়াল হাওলাদার দৈনিক শিক্ষাডটকমকে তথ্য নিশ্চিত করেছেন।

১৬ তম শিক্ষক নিবন্ধন পরীক্ষার ফল কবে প্রকাশ করা হবে তা জানতে চেয়ে দৈনিক শিক্ষা ডটকমের ফেসবুক লাইভে এবং ইমেইলে প্রশ্ন করছেন অনেকেই। এ বিষয়ে এনটিআরসিএর কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা হলে তারা দৈনিক শিক্ষাডটকমকে জানান, ফল প্রকাশ করার প্রস্তুতি শুরু হয়েছে।

ভারপ্রাপ্ত চেয়ারম্যান আব্দুল আওয়াল হাওলাদার দৈনিক শিক্ষাডটকমকে জানান, ১৬তম শিক্ষক নিবন্ধনের লিখিত পরীক্ষার ফল মার্চ মাসে প্রকাশ করার পরিকল্পনা করা হয়েছিল। কিন্তু চলমান পরিস্থিতিতে তা সম্ভব হয়নি। ফল প্রকাশের উদ্দেশ্যে ফের কাজ শুরু হয়েছে। আশা করছি ঈদের পরে ফল প্রকাশ করতে পারবো।

গত ১৫ ও ১৬ নভেম্বর অনুষ্ঠিত হয় ষোড়শ শিক্ষক নিবন্ধনের লিখিত পরীক্ষা। ১৬তম শিক্ষক নিবন্ধনের লিখিত পরীক্ষায় ২ লাখ ২৮ হাজার ৪৪২জন প্রার্থী অংশগ্রহণের সুযোগ পেয়েছিলেন।

গত ৩০ সেপ্টেম্বর ১৬তম শিক্ষক নিবন্ধনের প্রিলিমিনারি পরীক্ষার ফল প্রকাশ করে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। প্রিলিমিনারি পরীক্ষায় ২ লাখ ২৮ হাজার ৪৪২ জন উত্তীর্ণ হয়েছেন। স্কুল পর্যায়ে ৮৪ হাজার ৬৯৬ জন, স্কুল পর্যায়ে-২ এ ১১ হাজার ৫৪৭ জন এবং কলেজ পর্যায়ে ১ লাখ ৩২ হাজার ২৯৯ জন প্রার্থী উত্তীর্ণ হয়েছেন। ১৬তম শিক্ষক নিবন্ধনের প্রিলিমিনারি পরীক্ষায় পাসের হার ছিল ২৩ দশমিক ৮২ ভাগ। ৯ লাখ ৫৯ হাজার ১৮৫ জন ১৬তম শিক্ষক নিবন্ধনের প্রিলিমিনারি পরীক্ষায় অংশগ্রহণ করেছিলেন।

গত ৩০ আগস্ট ১৬ তম শিক্ষক নিবন্ধনের প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠিত হয়। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত স্কুল ও স্কুল পর্যায়ে-২ এর প্রিলিমিনারি পরীক্ষা আর বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত কলেজ পর্যায়ের প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ পরীক্ষায় ১১ লাখ ৭৬ হাজার প্রার্থী ১৬তম শিক্ষক নিবন্ধনের প্রিলিমিনারি পরীক্ষায় অংশ নিতে আবেদন করেছিলেন।

শিক্ষার সব খবর সবার আগে জানতে দৈনিক শিক্ষার চ্যানেলের সাথেই থাকুন। ভিডিওগুলো মিস করতে না চাইলে এখনই দৈনিক শিক্ষাডটকমের ইউটিউব চ্যানেল সাবস্ক্রাইব করুন এবং বেল বাটন ক্লিক করুন। বেল বাটন ক্লিক করার ফলে আপনার স্মার্ট ফোন বা কম্পিউটারে সয়ংক্রিয়ভাবে ভিডিওগুলোর নোটিফিকেশন পৌঁছে যাবে।